

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৪৯

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬. যখন কোনো মহিলার হায়েযের দিনগুলি ইসতিহাযার দিনগুলি সাথে মিশ্রিত হয়ে যায়

بَابُ إِذَا اخْتَلَطَتْ عَلَى الْمَرْأَةِ أَيَّامُ حَيْضِهَا فِي أَيَّامِ اسْتِحَاضَتِهَا

আরবী

قَالَ وَسَأَلْتُ الزُّهْرِيَّ عَنْ رَجُلٍ طَلَّقَ امْرَأَتَهُ فَحَاضَتْ حَيْضَتَيْنِ ثُمَّ ارْتَفَعَتْ حَيْضَتُهَا كَمَا تَرَبَّصُ قَالَ عِدَّتُهَا سَنَةٌ قَالَ وَسَأَلْتُ الزُّهْرِيَّ عَنْ رَجُلٍ طَلَّقَ امْرَأَتَهُ وَهِيَ تَحِيضُ تَمَكَّتْ ثَلَاثَةَ أَشْهُرٍ ثُمَّ تَحِيضُ حَيْضَةً ثُمَّ يَتَأَخَّرُ عَنْهَا الْحَيْضُ ثُمَّ تَمَكَّتْ السَّبْعَةَ الْأَشْهُرَ وَالْثَّمَانِيَةَ ثُمَّ تَحِيضُ أُخْرَى تَسْتَعْجِلُ إِلَيْهَا مَرَّةً وَتَسْتَأْخِرُ أُخْرَى كَيْفَ تَعَدُّ قَالَ إِذَا اخْتَلَفَتْ حَيْضَتُهَا عَنْ أَقْرَائِهَا فَعِدَّتُهَا سَنَةٌ

বাংলা

৯৪৯. তিনি (আওয়াঈ) বলেন, আমি যুহরী রাহি. কে আরও জিজ্ঞেস করলাম, কোনো লোক তার স্ত্রীকে তালাক দেয়, এরপর তার দু'বার হায়েয হয়। তারপর তার হায়েয বন্ধ হয়ে যায়। এমতাবস্থায় সে কতদিন অপেক্ষা করবে? তিনি বলেন: 'তার ইদত এক বছর।'[1]

তিনি (আওয়াঈ) বলেন, কোনো লোক তার স্ত্রীকে তালাক দেয়, যার হায়েয হয়। সে মহিলা তিনমাস অপেক্ষা করা (তার হায়েয বন্ধ থাকা)-এর পর তার আরেকবার হায়েয হয়। তারপর তার হায়েয আসতে দেরি হয়। তারপর সে সাত-আট মাস অপেক্ষা করে। তারপর (এভাবে) তার একবার তাড়াতাড়ি হায়েয হয়, আরেকবার দেরিতে হায়েয হতে থাকে। এমন স্ত্রীলোক সম্পর্কে আমি যুহরী রাহি. কে জিজ্ঞেস করলাম: এমতাবস্থায়, সে কতদিন হায়েয গণনা করবে? তিনি বলেন: যদি তার হায়েয তার নির্ধারিত সময় হতে বিভিন্ন রকম হয়, তবে তার ইদত এক বছর।[2]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ আগের হাদীসের সনদ একই তথা জাইয়্যিদ।

তাখরীজ: দেখুন, বিগত ৯৪১ (অনুবাদে ৯৩৭) নং হাদীসটি।

[2] তাহক্বীক্ব: এটিও আগের হাদীসের সনদই। আর সেটি জাইয়্যিদ (উত্তম)।

তাখরীজ: ((মুহাক্ক্বিক্ব এর কোনো তাখরীজ দেননি।-অনুবাদক))

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আওয়ামী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=76326>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন